

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং - ০৭

সেপ্টেম্বর ১৮, ২০১১
তারিখ :-----
আশ্বিন ০৩, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক ।

প্রিয় মহোদয়,

হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে অনুদানপ্রাপ্ত দুঃস্থদের নামে ১০/-টাকা দিয়ে ব্যাংক একাউন্ট খোলা প্রসঙ্গে ।

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তিগণ জাতীয় পরিচয় পত্র এবং হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র এর বিপরীতে ১০(দশ) টাকা জমা প্রদানপূর্বক ব্যাংক হিসাব খুলতে পারবেন । এ সকল ব্যাংক হিসাবে ন্যূনতম স্থিতি রাখার বাধ্যবাধকতা আরোপ করা যাবে না ।

এমতাবস্থায়, অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তিগণকে ব্যাংকিং সেবা প্রদান নিশ্চিতকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম, আব্দুল ওয়াদুদ)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫